

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৮/বি, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং-ভিটি/সেইপ প্রজেক্ট/৮-৪৪

তারিখ : ১২/১২/২০১৬ খ্রি।

বিষয় : "SEIP" প্রকল্পের আওতায় চলমান প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন।

সূত্র : অবি/সেইপ/ডিটিই/৬৬/১৪-১৫/১৮৯৩, তারিখ: ২৪/১১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিলস্ফর এমপ্লায়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) প্রকল্পের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৮টি টেকনিক্যাল স্কুল ও কলেজ (TSC) এবং ফেনী কম্পিউটার ইনসিটিউটে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য স্বাক্ষরিত MoU ও Business Plan অনুসারে প্রশিক্ষণ যন্ত্রপাতি (Training Equipment) SEIP প্রকল্প কর্তৃক ক্রয় করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করা হয়েছে।

২। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুকূলে বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ হতে প্রতিষ্ঠান প্রধান প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় Teaching Training Materials প্রয়োজন তা শুধু সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহই নির্ধারণ করবেন।

৩। লক্ষ্য করা গিয়েছে যে যথাসময়ে Procurement Plan অনুমোদন না হওয়ায় ০৮টি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং ফেনী কম্পিউটার ইনসিটিউটে সময়মত প্রশিক্ষণ মালামাল ক্রয় করা হয় না, ফলে মান সম্মত প্রশিক্ষণ প্রদান ব্যতীত হচ্ছে। উল্লেখ্য যে, SEIP অফিস হতে সরবরাহকৃত যন্ত্রপাতি/মালামাল ব্যতীত প্রতিষ্ঠান প্রধান প্রয়োজন অনুযায়ী Trade ভিত্তিক যন্ত্রপাতি/মালামালের তালিকা নির্ধারণ করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' প্রস্তুত করবেন।

৪। বর্ণিত বিষয়ে SEIP কার্যালয়ের পত্রের মর্মানুযায়ী এবং মান সম্মত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ০৮টি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং ফেনী কম্পিউটার ইনসিটিউট এর 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এবং ব্যয় মণ্ডুরী সংক্রান্ত অনুমোদন HOPE কর্তৃক অর্থাৎ, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে গ্রহণ করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান) ১২-১২-১১
মুগ্ধসচিব
পরিচালক (ভোকেশনাল)
ও ফোকাল পয়েষ্ট

ফোন : ০২-৯১১১০২৩।


প্রাপক :

(ক) অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনসিটিউট, ফেনী (SEIP প্রকল্প অফিস হতে সরবরাহকৃত মালামাল/যন্ত্রপাতি ব্যতীত প্রয়োজনীয় মালামাল/যন্ত্রপাতির তালিকাসহ 'বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP)' তৈরি করে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(খ) অধ্যক্ষ, মানিকগঞ্জ/নরসিংদী/শেরপুর/বালকাঠি/বরিশাল/পঞ্চগড়/রংপুর/হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ (SEIP প্রকল্প অফিস হতে সরবরাহকৃত মালামাল/যন্ত্রপাতি ব্যতীত প্রয়োজনীয় মালামাল/যন্ত্রপাতির তালিকাসহ 'বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP)' তৈরি করে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। নির্বাহী প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, ইউসেপ চেইনী টাওয়ার (৩য় ল্যান্ডিং প্ল্যাটফর্ম সেগুনাবাগিচা, ঢাকা-১০০।

দ্রষ্টি আকর্ষণ : রহিমা বেগম, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক।

০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।